কালের কণ্ঠ

কালের কণ্ঠ

তারিখ ... 11 OCT 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ......

### শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত

# সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আপাতত ষষ্ঠ শ্রেণি নয়

**নিজস্ব প্রতিবেদক ▷**

মন্ত্রিসভার সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণি খোলা যাবে না বলে জানিয়ে দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। সে ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা পঞ্চম শ্রেণি পর্যন্তই অব্যাহত থাকবে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণি চালু করতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আবেদনের পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় এ সিদ্ধান্তের কথা জানিয়েছে। মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (মাধ্যমিক ও উচ্চশিক্ষা) সালমা জাহান স্বাক্ষরিত এক চিঠির মাধ্যমে গত রবিবার এ সিদ্ধান্তের কথা জানানো হয়েছে।

মন্ত্রণালয় সূত্র জানায়, জাতীয় শিক্ষানীতি-২০১০ বাস্তবায়নের লক্ষ্যে সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণি খুলতে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন চেয়েছিল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। কিন্তু তাদের সেই আবেদনে সাড়া দেয়নি শিক্ষা মন্ত্রণালয়।

তবে শিক্ষানীতি প্রণয়নের পর প্রাথমিক বিদ্যালয়ে ধাপে ধাপে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি চালুর প্রক্রিয়া শুরু করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। ছয় শরও বেশি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বর্তমানে ষষ্ঠ শ্রেণি চালু আছে। আর শখানেক প্রাথমিক বিদ্যালয়ে খোলা হয়েছে সপ্তম শ্রেণি।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজারের উপস্থিতিতে গত ১৬ মের এক সভার কথা তুলে ধরে শিক্ষা মন্ত্রণালয়ের চিঠিতে বলা হয়েছে, 'সভায় সিদ্ধান্ত হয়েছিল, মন্ত্রিসভার পর্যালোচনা ও সিদ্ধান্তের প্রেক্ষিতে পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত প্রাথমিক শিক্ষা পঞ্চম শ্রেণি পর্যন্ত অব্যাহত থাকবে। এ অবস্থায় মন্ত্রিসভার পর্যালোচনা ও সিদ্ধান্তের প্রেক্ষিতে পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে হতে পাঠানো সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ষষ্ঠ শ্রেণি চালুর অনুমতি প্রদানের আবেদনসমূহ বিবেচনার সুযোগ নেই। প্রাথমিক শিক্ষা পঞ্চম শ্রেণি পর্যন্ত অব্যাহত থাকবে।'

> আগেই খোলা হয়েছে ৬০০টিতে

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রীর উপস্থিতিতে ২০১৬ সালের ১৮ মে এক সভার পর জাতীয় শিক্ষানীতির আলোকে প্রাথমিক শিক্ষাকে অষ্টম শ্রেণি পর্যন্ত উন্নীত করে তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করার চূড়ান্ত সিদ্ধান্তের কথা জানানো হয়। এরপর ওই বছর ২১ জুন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী জানিয়েছিলেন, প্রাথমিক শিক্ষার স্তর অষ্টম শ্রেণিতে উন্নীত হওয়ায় ওই বছর থেকে আর পঞ্চম শ্রেণিতে সমাপনী পরীক্ষা নেবে না সরকার। জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা গ্রহণ করবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। কিন্তু এর ছয় দিন পর মন্ত্রিসভা সিদ্ধান্ত দেয়, মন্ত্রিসভার পরবর্তী সিদ্ধান্ত না দেওয়া পর্যন্ত পঞ্চম ও অষ্টমের সমাপনী পরীক্ষা অব্যাহত থাকবে।

এরপর ওই বছর ২০ অক্টোবর জেএসসি পরীক্ষা শুরুর কিছুদিন আগে হঠাৎ করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী জানান, প্রাথমিক শিক্ষার স্তর যথাযথ প্রক্রিয়ায় অষ্টম শ্রেণি পর্যন্ত উন্নীত না হওয়ায় ওই বছরের জেএসসি-জেডিসি পরীক্ষার দায়িত্ব নেবেন না তাঁরা। এর পর থেকে আগের নিয়মেই চলছে প্রাথমিক শিক্ষা। সর্বশেষ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় তাদের সরকারি প্রাথমিকেও ষষ্ঠ শ্রেণি খোলার অনুমোদন চেয়েও পেল না।